238

দৈনিক ইনকিলাব

তারিখ 05 MAR 1998

পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের অফিসারবৃন্দের কর্মবিরতির তৃতীয় দিন অতিবাহিত

**প্রেস বিজ্ঞপ্তি** : বাংলাদেশ আন্তঃবিশ্ববিদ্যালয় অফিসার্স ফেডারেশনের চার দফা দাবী বাস্তবায়নের লক্ষ্যে ফেডারেশন আহূত ৭ দিনের কর্মবিরতি কর্মসূচী মোতাবেক ঢাকা বিশ্ববিদ্যালয়ের অফিসারবৃন্দ গতকাল ৪ মার্চ বুধবার তৃতীয় দিনের মত পূর্ণ কর্মবিরতি পালন করেন।

অফিসারবৃন্দ গতকাল সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সম্মুখস্থ লনে এক সভায় মিলিত হন। অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব একেএম রুহুল আমিন আকন্দের সভাপতিত্বে এ সভায় বিশ্ববিদ্যালয় অফিসারদের ন্যায়সংগত দাবী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক মেনে না নেয়ায় ক্ষোভ প্রকাশ করে এবং অবিলম্বে দাবী মেনে নেয়ার আহবান জানিয়ে বক্তব্য রাখেন সমিতির সাধারণ সম্পাদক জনাব খন্দকার আবদুল হাই, সৈয়দ আলী আকবর, জনাব আবম আবুল কাসেম খান, জনাব মোঃ রমিজউদ্দিন আহমদ, জনাব মোঃ আমিনুল হক প্রমুখ।

সভার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের অফিসারবৃন্দ একটি মৌন মিছিলসহকারে বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবন প্রদক্ষিণ করে কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত গমন করেন।

ফেডারেশনের কর্মসূচী অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়সহ ফেডারেশনভুক্ত দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের অফিসারগণ ২-৮ মার্চ পূর্ণ কর্মবিরতি পালন করবেন।